



ALL INDIA RADIO

REGIONAL NEWS UNIT - SILCHAR

MORNING NEWS BULLETIN

BENGALI

7 November 2025

7:35AM IST

=====

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নতুন দিল্লীতে বন্দেমাতরম সঙ্গীতের সার্থকত বর্ষের সঙ্গে সঙ্গতি রেখে বছর ব্যাপী বিশেষ কার্যসূচীর সূচনা করবেন । কেন্দ্রীয় সংস্কৃতি মন্ত্রক জাতীয় সঙ্গীত বন্দেমাতরমের দেড়শ বছর পূর্তি উপলক্ষ্যে বছরব্যাপী এই উৎসবের আয়োজন করছে । আগামী বছরের ৭ই নভেম্বর পর্যন্ত এই কার্যসূচী চলবে । উল্লেখ্য দেড়শ বছর সম্পূর্ণ করা বন্দেমাতরম সঙ্গীত জাতীয়তাবাদ , একতা তথা ব্রিটিশ শাসনের বিরুদ্ধে প্রতিরোধের সম্মিলিত ভাবনার প্রতীক হিসেবে প্রেরণা যুগিয়ে আসছে ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী মাসে আসাম সফরকালে লোকপ্রিয় গোপীনাথ বরদলৈ আন্তর্জাতিক বিমান বন্দরের নতুন টার্মিনাল ভবনের উদ্বোধন করা সহ নামরূপের ১২ লক্ষ মেট্রিক টনের ইউরিয়া ও এমোনিয়া উৎপাদন প্রকল্পের উদ্বোধন করবেন বলে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তু বিশ্ব শর্মা জানান । মুখ্যমন্ত্রী ডক্টর শর্মা গতকাল গুয়াহাটীতে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে জানান যে --

বাইট

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমণ আজ দুদিনের সফরসূচী নিয়ে গুয়াহাটী আসছেন । শ্রীমতী সীতারমণ আজ গুয়াহাটীতে ব্রহ্মপুত্র রিভার ফ্রন্টের সতী রাধিকা শান্তি উদ্যান এবং গেটওয়ে অব গুয়াহাটীর অত্যাধুনিক ফেরী টার্মিনেল ও জেটি উদ্বোধন করবেন । অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তু বিশ্বশর্মা , জনস্বাস্থ্য ও কারিগড়ি বিভাগের মন্ত্রী জয়ন্ত মল্ল বরুয়া , পরিবহন মন্ত্রী চরণ বড়ো প্রমুখ উপস্থিত থাকবেন । এছাড়া অর্থমন্ত্রী শ্রীমতী সীতারমণ আগামীকাল জাগিরোডের সেমি-কন্ডাক্টর প্রকল্প স্থলও পরিদর্শন করবেন । অর্থমন্ত্রী শ্রীমতী সীতারমণ কাল বিশ্বনাথ জেলার গহপুরের ভোলাগুরি চা বাগানে শহিদ কনকলতা বরুয়া রাজ্য বিশ্ববিদ্যালয়ের ভিত্তি প্রস্তর স্থাপন করবেন । রাজ্যের উচ্চ শিক্ষা ক্ষেত্রে গুরুত্বপূর্ণ পদক্ষেপের অংশ হিসেবে নির্মাণ করতে যাওয়া এই বিশ্ববিদ্যালয়টি রূপকোয়র জ্যোতি প্রসাদ আগরওয়ালের কর্মস্থল ভোলাগুরিতে ৭৪০ বিঘা জমিতে নির্মাণ করা হবে । বিশ্ববিদ্যালয়টিতে পরম্পরাগত বিষয়গুলি ছাড়াও কৃত্রিম বুদ্ধিমত্তা , রবোটিক সায়েন্স , থ্রি-ডি প্রিন্টিং সহ অত্যাধুনিক বিষয়গুলি অন্তর্ভুক্ত করে পাঠদান করা হবে ।

আকাশবাণীর ডিরেক্টর জেনারলে রাজীব কুমার জৈন দু দিনের নাগাল্যান্ড সফরে কোহিমায় রয়েছেন । এই সফরকালে শ্রীজৈন ডিমাপুরের এফ এম স্টুডিও সহ কোহিমার আঞ্চলিক সংবাদ কেন্দ্রের কাজকর্মের পর্যালোচনা করছেন । শ্রীজৈন আজ আকাশবাণী কোহিমা কেন্দ্রের কর্মী ও

আধিকারীকদের সঙ্গে এবং নাগাল্যান্ডের মুখ্য সচিব সেন্টি ইয়াংগার ইমচেনের সঙ্গে আলোচনা করবেন ।

বিচারপতি কৌশিক গোস্বামী আজ গৌহাটী হাই কোর্টের অতিরিক্ত বিচারপতি হিসেবে শপথ গ্রহণ করবেন । হাই কোর্টের নতুন ভবনে আয়োজিত এক অনুষ্ঠানে মুখ্য বিচারপতি আশুতোষ কুমার বিচারপতি শ্রীগোস্বামীকে পদ ও গোপীনিয়তার শপথ বাক্য পাঠ করাবেন ।

রাজ্যের মুখ্য তথ্য আয়ুক্ত ভাস্করজ্যোতি মহন্ত গতকাল পদত্যাগ করেছেন । রাজ্যপালকে লেখা এক পত্রে শ্রী মহন্ত সঙ্গীত শিল্পী জুবিন গার্গের মৃত্যুর পর তাঁর ভাই শ্যামকানু মহন্তের বিরুদ্ধে বেশ কয়েকটি আর টি আই আবেদন দাখিল করা এবং এসম্পর্কে আপীল তথ্য কমিশনে আসার পরিপ্রেক্ষিতে পদত্যাগ করেছেন বলে জানিয়েছেন ।

কাছাড় পুলিশ ভূয়ো চিকিৎসকদের বিরুদ্ধে অভিযান আব্যাহত রেখেছে । পুলিশ গতকাল লক্ষ্মীপুরে পয়লাপুলের বাসিন্দা শেখর আচার্য নামের এক ব্যক্তিকে গ্রেপ্তার করে । এই ব্যক্তি দীর্ঘদিন থেকে চিকিৎসক হিসেবে পরিচয় দিয়ে চিকিৎসা করে আসছিল বলে পুলিশ সূত্রে জানানো হয়েছে । পুলিশ ধৃত ব্যক্তির কাছ থেকে ভূয়ো প্রমানপত্র ও অন্যান্য নথি-পত্র উদ্ধার করেছে । উল্লেখ্য জেলায় এপর্যন্ত ১৮ জন ভূয়ো চিকিৎসককে গ্রেপ্তার করা হয়েছে ।

দক্ষিণ শ্রীভূমি পূর্ত বিভাগের সড়ক ডিভিশন শাখার সহকারী কার্যবাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে মুখ্যমন্ত্রীর উন্নত পাকা সড়ক নির্মাণ যোজনার অধীনে উজানডি বাজার ও জনতা এক্সটেনডেড হাইস্কুলের পাশে দুটি বক্স কালভার্ট নির্মাণের জন্য লঙ্গাই চান্দখানি সড়কে ১০টন পর্যন্ত ওজনের সবধরনের ভারী যান চলাচল সাময়িকভাবে বন্ধ রাখা হয়েছে। বিজ্ঞপ্তিতে বলা হয়েছে যে লঙ্গাই চান্দখানি সড়কে হালকা যানবাহনকে পাশের সাবওয়ে দিয়ে চলাচল করতে পরামর্শ দেওয়া হয়েছে। পুনরাদেশ না দেওয়া পর্যন্ত এই সড়ক বন্ধ থাকবে বলে জানানো হয়েছে।
